

# বাংলাদেশ সিকিউরিটি অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা)

১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ

এসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/ ১৪৪

তারিখ: ফেব্রুয়ারি ২৭, ২০১৩

## নির্দেশনা

স্টক ব্রোকার/স্টক ডিলার ও মার্চেন্ট ব্যাংকার কর্তৃক অনাদায়কৃত ক্ষতির (Unrealized Loss) বিপরীতে রক্ষিতব্য প্রতিশন (Provision) সংরক্ষণ সংক্রান্ত নির্দেশনা

### (১) স্টক ব্রোকার/স্টক ডিলার :

Securities and Exchange Ordinance, 1969 এর Section 20A তে প্রদত্ত ক্ষমতা বলে কমিশন, স্টক ব্রোকার/স্টক ডিলার সমূহের অনাদায়কৃত ক্ষতির (Unrealized Loss) বিপরীতে রক্ষিতব্য প্রতিশন (Provision) সংরক্ষণের নিম্নোক্ত সুবিধা প্রদান করল:

- ক) স্টক ডিলারদের, ডিলার হিসাবে (Dealer Account) ধারণকৃত শেয়ারের ৩১ ডিসেম্বর ২০১২ ইং তারিখ ভিত্তিক (অথবা প্রযোজ্য আর্থিক বৎসর অনুযায়ী) পুনঃমূল্যায়নজনিত অনাদায়কৃত ক্ষতির (Unrealized Loss) বিপরীতে রক্ষিতব্য প্রতিশন (Provision) ডিসেম্বর ২০১২ইং হতে ডিসেম্বর ২০১৩ইং পর্যন্ত (অথবা প্রযোজ্য আর্থিক বৎসর অনুযায়ী) ৫টি ত্রৈমাসিক সমান অংশে (২০%) সংরক্ষণের ঐচ্ছিক সুবিধা প্রদান করা হ'ল; এবং
- খ) স্টক ব্রোকার কর্তৃক গ্রাহকদের অনুকূলে বন্টনকৃত মার্জিন ঝগের মাধ্যমে ক্রয়কৃত শেয়ারের ৩১ ডিসেম্বর ২০১২ইং তারিখ ভিত্তিক (অথবা প্রযোজ্য আর্থিক বৎসর অনুযায়ী) পুনঃমূল্যায়নজনিত অনাদায়কৃত ক্ষতির (Unrealized Loss) বিপরীতে রক্ষিতব্য প্রতিশন (Provision) ডিসেম্বর ২০১২ইং হতে ডিসেম্বর ২০১৩ইং পর্যন্ত (অথবা প্রযোজ্য আর্থিক বৎসর অনুযায়ী) ৫টি ত্রৈমাসিক সমান অংশে (২০%) সংরক্ষণের ঐচ্ছিক সুবিধা প্রদান করা হ'ল।

তবে এই সকল সুবিধা কেবলমাত্র ৩১ ডিসেম্বর ২০১২ইং তারিখে সমাপ্ত বৎসরে (অথবা প্রযোজ্য আর্থিক বৎসর অনুযায়ী) উত্তুত পুনঃমূল্যায়নজনিত ক্ষতির (অনাদায়কৃত) প্রতিশনের জন্য প্রযোজ্য হবে। তৎপরবর্তী সময়ে রক্ষিতব্য প্রতিশন (যদি থাকে) যথানিয়মে সংরক্ষণ করতে হবে। উল্লেখ্য যে, উপরোক্ত সুযোগসমূহ গ্রহণ করার ফলে উক্ত আর্থিক বৎসরের জন্য কোন ধরনের নগদ লভ্যাংশ (cash dividend) প্রদান করা যাবে না।

### (২) মার্চেন্ট ব্যাংকার:

Securities and Exchange Ordinance, 1969 এর Section 20A তে প্রদত্ত ক্ষমতা বলে কমিশন, মার্চেন্ট ব্যাংকার সমূহের অনাদায়কৃত ক্ষতির (Unrealized Loss) বিপরীতে রক্ষিতব্য প্রতিশন (Provision) সংরক্ষণের নিম্নোক্ত সুবিধা প্রদান করল:

- ক) মার্চেন্ট ব্যাংক সমূহ (যার জন্য প্রযোজ্য) নিজস্ব পোর্টফোলিওতে (Own Portfolio) ধারণকৃত শেয়ারের ৩১ ডিসেম্বর ২০১২ তারিখ ভিত্তিক (অথবা প্রযোজ্য আর্থিক বৎসর অনুযায়ী) পুনঃমূল্যায়নজনিত অনাদায়কৃত ক্ষতির (Unrealized Loss) বিপরীতে রক্ষিতব্য প্রতিশন (Provision) ডিসেম্বর ২০১২ হতে ডিসেম্বর ২০১৩ পর্যন্ত (অথবা প্রযোজ্য আর্থিক বৎসর অনুযায়ী) ৫টি ত্রৈমাসিক সমান অংশে (২০%) সংরক্ষণের ঐচ্ছিক সুবিধা প্রদান।
- খ) মার্চেন্ট ব্যাংক কর্তৃক গ্রাহকদের অনুকূলে বন্টনকৃত মার্জিন ঝগের মাধ্যমে ক্রয়কৃত শেয়ারের ৩১ ডিসেম্বর ২০১২ইং তারিখ ভিত্তিক (অথবা প্রযোজ্য আর্থিক বৎসর অনুযায়ী) পুনঃমূল্যায়নজনিত অনাদায়কৃত ক্ষতির (Unrealized Loss) বিপরীতে রক্ষিতব্য প্রতিশন (Provision) ডিসেম্বর ২০১২ইং হতে ডিসেম্বর ২০১৩ইং পর্যন্ত (অথবা প্রযোজ্য আর্থিক বৎসর অনুযায়ী) ৫টি ত্রৈমাসিক সমান অংশে (২০%) সংরক্ষণের ঐচ্ছিক সুবিধা প্রদান।

তবে এই সকল সুবিধা কেবলমাত্র ৩১ ডিসেম্বর ২০১২ইং তারিখে সমাপ্ত বৎসরে (অথবা প্রযোজ্য আর্থিক বৎসর অনুযায়ী) উত্তুত পুনঃমূল্যায়নজনিত ক্ষতির (অনাদায়কৃত) প্রতিশনের জন্য প্রযোজ্য হবে। তৎপরবর্তী সময়ে রক্ষিতব্য প্রতিশন (যদি থাকে) যথানিয়মে সংরক্ষণ করতে হবে। উল্লেখ্য যে, উপরোক্ত সুযোগসমূহ গ্রহণ করার ফলে উক্ত আর্থিক বৎসরের জন্য কোন ধরনের নগদ লভ্যাংশ (cash dividend) প্রদান করা যাবে না।

বাংলাদেশ সিকিউরিটি অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পক্ষে

অধ্যাপক ড. এম. খায়েরুল হোসেন  
চেয়ারম্যান